

## চৈত্র প্রেম

### অরুন্ধতী সরখেল

শবরী দত্তের আকাশনীল  
পাঞ্জাবি দিয়ে তোমাকে সাজাই  
বুকে পরিয়ে দি শিমূলপাতার  
সোনার বোতাম  
কজিতে মাথিয়ে দিলাম  
ভ্যালেনটিনের সুগন্ধী আতর  
তুমি ফাগুন চোখে  
আলতো করে আমার  
হাত ধরলে—  
আমি ঝরনা হলাম—  
আর বললে,  
আজকালকার  
নীরা, বনলতা আর ফেরদৌসীরা  
বড় ফ্যাসানী  
আমি শুধু একটুকরো মেঘ  
আকাশ থেকে পেড়ে আনলাম।  
বললাম চৈত্রের মনখারাপ  
করা হাওয়া একটু দূরে থাক না।  
আমি না হয় ভ্রমরকে নিয়ে  
এ মাসটা ব্যস্ত থাকি।

